



ST. LAWRENCE HIGH SCHOOL



A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA- 700019

CLASS – I

TERM - SECOND

SUBJECT- BENGALI WORKSHEET – 10

DATE – 21.08.2020

Topic – বোধপরীক্ষণ

নীচের অংশটি পড়ে উত্তর লেখো।

একটি পাখি ছিল ও সে খুব ভালো গান গাইত। পাখিটি একটি বাড়ির জানালার ধারে খাঁচার মধ্যে থাকত। পাখিটি রোজ রাতে গান গাইত। একটি বাদুড়ের সেই গান শুনতে খুব ভালো লাগত। একদিন বাদুড়টি তার কাছে এসে বললো, ভাই রোজ রাতে তুমি গান গাও কিন্তু তোমায় কোনদিন দিনের বেলায় গান গাইতে শুনিনা। খাঁচার পাখিটা বললো, একবার আমি দিনের বেলায় গান গাইতে গিয়ে ধরা পড়ে সেই থেকে এই খাঁচায় আটকে পড়ে আছি। তাই সাবধান হয়ে গিয়ে আমি আর দিনের বেলায় গান গাইনা। এই শুনে বাদুড়টি বললো – ভাই, এখন আর সাবধান হয়ে লাভ কী? এই সাবধানটা যদি তুমি ধরা পড়বার আগে হতে তা হলে ভাল ছিল।

১) উপরের অংশটি থেকে নিয়ে আ – কার দিয়ে দুটি বানান লেখো।

উঃ _____।

২) উপরের অংশটি থেকে নিয়ে ই – কার দিয়ে দুটি বানান লেখো।

উঃ _____।

৩) উপরের অংশটি থেকে কথা নিয়ে খালি ঘরে লেখো।

ক) একটি _____ ছিল ও সে খুব ভালো গান গাইত।

খ) এই _____ যদি তুমি ধরা পড়বার আগে হতে তা হলে ভাল ছিল।

৪) বাক্য রচনা করো।

ক) পাখি - _____।

খ) গান - _____।

৫) উত্তর লেখো।

ক) খাঁচায় থাকা পাখিটির গান শুনতে কার খুব ভালো লাগত?

উঃ _____।

খ) পাখিটি দিনের বেলায় গান গাইত না কেন?

উঃ _____।